দৈনিক সংবাদ

তারিখ ..31 AUG 1987 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ..৭ ...

4

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ছাত্র ইউনিয়ন নেতাদের ওপর হামলার নিন্দা

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ২৯শে আগষ্ট।—চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ছাত্র ইউনিয়নের ৩ জন নেতার ওপর হামলার তীব্র প্রতিবাদ ও নিন্দা জানিয়ে চট্টগ্রামের ৮ দলীয় জোটের ১৭ জন নেতা এক যুক্ত বিবৃতি দিয়েছেন।

বিবৃতিতে গত ২৬শে আগষ্ট চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কলা অনুষদে ছাত্র ইউনিয়ন নেতা একরাম হোসেন, আবদুল্লাহ আল মাহমুদ ও জাকির হোসেনের ওপর সশস্ত্র হামলাকে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় বন্ধ করার অশুভ সংকেত বলে উল্লেখ করে এর বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তোলার আহ্বান জানানো হয়।

বিবৃতিতে সই করেন এম এ মান্নান, মোশাররফ হোসেন এমপি, আতাউর রহমান খান কায়সার, মহিউদ্দিন চৌধুরী, মোসলেম উদ্দিন, আহসান উল্লাহ চৌধুরী, তপন দত্ত, এ এস এম শহীদুল্লাহ, কফিল উদ্দিন, সিরাজুল হক মিয়া, খোরশেদ আলম সুজন, আবদুল মোমেন ভুঞা ও গাজী শামসুল হক।

এ ছাড়া চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতিও ঘটনার নিন্দা জানিয়ে বিবৃতি দিয়েছে।